# উপজেলা পরিষদ কার্যালয়

শিবালয়, মানিকগঞ্জ।

**আগস্ট ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ **বীরমুক্তিযোদ্ধা রেজাউর রহমান খান,** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবালয়, মানিকগঞ্জ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, শিবালয়, মানিকগঞ্জ।
সভার তারিখ ও সময় ঃ ২৫.০৮.২০২২, সময় ১১.৩০ ঘটিকা।......

উপস্থিতির তালিকা (হাজিরার ক্রমানুসারে, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়), পরিশিষ্ট ''ক" তে দেখানো হল।

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর দপ্তর ভিত্তিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| দপ্তর | আলোচনার বিষয়বস্তু | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| '০১ | ০২ | ০৩ | ০৪ |
| উপজেলা পরিষদ | ০১) সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান এর জুলাই/২০২২ মাসের দৈনিক ভাতা বিল বাবদ ৮,১২৫/- টাকা, ভাইস চেয়ারম্যান এর জুলাই/২০২২ মাসের দৈনিক ভাতাবিল বাবদ ৬,৫০০/- টাকা, মহিলা ভাইস চেয়ারম্যান জনাব এর জুলাই/২০২২ মাসের দৈনিক ভাতাবিল বাবদ ৬,৫০০/- টাকা অনুমোদনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সভায় আলোচনান্তে, উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান এর জুলাই/২০২২ মাসের দৈনিক ভাতাবিল বাবদ ৮,১২৫/- টাকা, ভাইস চেয়ারম্যান এর জুলাই/২০২২ মাসের দৈনিক ভাতাবিল বাবদ ৬,৫০০/- টাকা, মহিলা ভাইস চেয়ারম্যান এর জুলাই/২০২২ মাসের দৈনিক ভাতাবিল বাবদ ৬,৫০০/- টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিঃ ও উপজেলা নির্বাহী অফিসার |
| ঐ | ০২) সভায় উপজেলা নিবহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবনের মটর পাম্পটি বিকল হয়ে গেছে। উক্ত মটর পাম্পটি মেকানিক দ্বারা পরীক্ষা করা পূর্বক মেরামত সম্পন্ন করা হয়েছে এবং মেরামত বাবদ ৩৭,৭৩০/- টাকা ব্যয় হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় আলোচনান্তে, উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবনের মটর পাম্পটি মেরামত বাবদ ৩৭,৭৩০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিঃ উপজেলা নির্বাহী অফিসার |
| ঐ | ০৩) সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের জন্য ০২টি প্রিন্টার মেশিন ও টোনার ক্রয় করার চাহিদা পাওয়া গেছে। উক্ত অফিস সরঞ্জাম ক্রয় পূর্বক ব্যয় পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের জন্য ০২টি প্রিন্টার মেশিন ও টোনার ক্রয় বাবদ ব্যয় মোট ৪৯,২০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিঃ ও উপজেলা নির্বাহী অফিসার |
| উপজেলা প্রকৌশল বিভাগ | ০৪) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টারটি দীর্ঘদিন সংস্কারের অভাবে বসবাস অযোগ্য হয়ে গেছে। উক্ত গেজেটেড কোয়ার্টারটিতে গেজেটেড অফিসারগণ বসবাস করে আসছেন। গেজেটেড কোয়ার্টারটি অতিদ্রুত সংস্কারসহ রংকরণ করা প্রয়োজন। গেজেটেড কোয়ার্টার সংস্কার ও রংকরণ কাজের একটি প্রাক্কলন উপজেলা প্রকৌশলী কর্তৃক পাওয়া গেছে। এ বাবদ ২.০০ লক্ষ টাকা ব্যয় হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় আলোচনান্তে, উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার সংস্কার ও রংকরণ কাজের ব্যয় বাবদ ২.০০ লক্ষ টাকা প্রকল্প বাস্তবায়ন কমিটি(পিআইসি) এর মাধ্যমে বাস্তবায়ন পূর্বক ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিঃ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| সমাজসেবা বিভাগ | ০৫) উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলছে। কোন সমস্যা নাই। | সভায় বিস্তারিত আলোচনায়, দাপ্তরিক কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার পরামর্শ প্রদান করা হয় এবং এ বিষয়ে সার্বিক সহযোগীতার প্রতিশ্রুতি দেয়া হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| প্রাথমিক শিক্ষা | ০৮) উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলছে। কোন সমস্যা নাই। | সভায় বিস্তারিত আলোচনায়, দাপ্তরিক কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার পরামর্শ প্রদান করা হয় এবং এ বিষয়ে সার্বিক সহযোগীতার প্রতিশ্রুতি দেয়া হয়। | প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান |
| মাধ্যমিক শিক্ষা | ০৯) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, আলোকদিয়া সরঃ প্রাঃ বিদ্যালয় ভেঙ্গে গেছে। ছাত্র-ছাত্রীদের বসার জন্য একটি ঘর নির্মাণ ও লেট্রিন নির্মাণ করা দরকার। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনায়, আলোকদিয়া সরঃ প্রাঃ বিদ্যালয়ে একটি ঘর নির্মাণ ও একটি লেট্রিন নির্মাণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) |
| চেয়ারম্যান শিমুলিয়া | ১০) সভায় চেয়ারম্যান, শিমুলিয়া ইউপি জানান যে, তার ইউনিয়নের সার্বিক পরিস্থিতি ভালো। কোন সমস্যা নেই। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কার্যক্রমসহ ইউনিয়নের সার্বিক শৃংখলা বজায় রাখতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | দাপ্তরিক কাজও বেশ সুন্দরভাবে এগিয়ে চলছে। তিনি সকলের সহযোগীতা কামনা করেন। | | |
| চেয়ারম্যান উলাইল | ১১) সভায় চেয়ারম্যান, উলাইল ইউপি জানান যে, তার ইউনিয়নের সার্বিক পরিস্থিতি ভালো। কোন সমস্যা নেই। দাপ্তরিক কাজও বেশ সুন্দরভাবে এগিয়ে চলছে। তিনি সকলের সহযোগীতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কার্যক্রমসহ ইউনিয়নের সার্বিক শৃংখলা বজায় রাখতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| চেয়ারম্যান আরুয়া | ১২) সভায় চেয়ারম্যান, আরুয়া ইউপি জানান যে, আরুয়া ইউনিয়নের অন্তর্গত হারুনের বাড়ি হতে জামাল ফকিরের বাড়ি পর্যন্ত ইটের রাস্তাটি সংস্কার করা জরুরী। রাস্তাটি ইতিপূর্বে উপজেলা পরিষদ কর্তৃক পরিদর্শন করা হয়েছে এবং উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রাক্কলন মোতাবেক রাস্তাটি সংস্কার করতে ২.০০ লক্ষ টাকা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, আরুয়া ইউনিয়নের অন্তর্গত হারুনের বাড়ি হতে জামাল ফকিরের বাড়ি পর্যন্ত ইটের রাস্তাটি সংস্কার পূর্বক এ বাবদ ২.০০ লক্ষ টাকা প্রকল্প বাস্তবায়ন কমিটি(পিআইসি) এর মাধ্যমে বাস্তবায়ন পূর্বক ব্যয় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে নির্বাহের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিঃ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

উপজেলা নির্বাহী অফিসার, শিবালয়, মানিকগঞ্জ আলোচনার প্রেক্ষিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ

ক) যে কোন উন্নয়ন প্রকল্প উদ্বোধনের কমপক্ষে ০৩ দিন পূর্বে সংশ্লিষ্টদের অবহিত করতে হবে।

খ) উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে সেবা সহজীকরণের বিষয়ে উদ্ভাবনীমূলক উদ্যোগ গ্রহণ এবং বাস্তবায়নে সচেষ্ট হতে সকলকে আহবান জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

25.08.22

(বীরমুক্তিযোদ্ধা রেজাউর রহমান খান)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সমন্বয় কমিটি
শিবালয়, মানিকগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবালয়, মানিকগঞ্জ।
www.shibalay.manikganj.gov.bd

স্মারক নংঃ ০৫.৩০.৫৬৭৮.০০০.০২.০০৪.২১-৫৫৬/২

তারিখঃ ১০ ভাদ্র ১৪২৯ / ২৫ আগস্ট ২০২২

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। জনাব এ এম নাঈমুর রহমান দুর্জয়, মাননীয় সংসদ সদস্য ১৬৮, মানিকগঞ্জ-১;
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, মানিকগঞ্জ।
০৬। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ।
০৭। উপজেলা.......................................... কর্মকর্তা, শিবালয়, মানিকগঞ্জ।
০৮। চেয়ারম্যান...............................ইউনিয়ন পরিষদ, শিবালয়, মানিকগঞ্জ।
০৯। জনাব..................................................................শিবালয়, মানিকগঞ্জ।
১০। অফিস কপি/সংরক্ষণ নথি।

২৫/৮/২২

(মোঃ জাহিদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
শিবালয়, মানিকগঞ্জ।